গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ
প্রশাসন ও সমন্বয় অনুবিভাগ
প্রশাসন-১ শাখা
www.mof.gov.bd

নং-০৭.০০.০০০০.০৮১.১৬.০৫৫.১৮- ৪১১ তারিখ : ০১/০৮/২০১৮ খ্রি:

বিষয় : **অর্থ বিভাগের ২০১৭-১৮ অর্থ বৎসরের কার্যাবলি সম্পর্কিত বার্ষিক প্রতিবেদন প্রেরণ সংক্রান্ত।**

সূত্র : মন্ত্রিপরিষদ বিভাগের ০৩/০৬/২০১৮ তারিখের ০৪.০০.০০০০.৩২১.১৬.০০৬.১৮.৮৪ নং পত্র।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে অর্থ বিভাগের ২০১৭-১৮ অর্থবছরের কর্মকান্ড সম্পর্কিত বার্ষিক প্রতিবেদন (নির্ধারিত ছক অনুযায়ী) পরবর্তী কার্যক্রমের জন্য নির্দেশক্রমে এতদসংগে প্রেরণ করা হল।

সংযুক্তি: বর্ণনামতে (৬ পাতা)।

(মো: রুহুল আমিন মল্লিক)
সহকারী সচিব
ফোনঃ ৯৫৭৬০২৩

প্রাপক :

মন্ত্রিপরিষদ সচিব
মন্ত্রিপরিষদ বিভাগ
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
(দৃ: আ:- উপসচিব, রিপোর্ট শাখা)

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হল :

(১) উপসচিব, বাজেট ও পরিকল্পনা অধিশাখা-১, অর্থ বিভাগ।
(২) সিনিয়র সিস্টেম এনালিস্ট, FSMU, অর্থ বিভাগ (তাঁকে অর্থ বিভাগের ওয়েবসাইটে প্রতিবেদনটি আপলোড করার অনুরোধসহ)।
(৩) সিনিয়র সহকারী সচিব, কর্মসম্পাদন ব্যবস্থাপনা শাখা, মন্ত্রিপরিষদ বিভাগ, পরিবহণ পুল ভবন, কক্ষ নং-৮০৫, সচিবালয় লিংক রোড, ঢাকা।

# বার্ষিক কর্মকান্ডের প্রতিবেদন
# ২০১৭-১৮

অর্থ বিভাগ
অর্থ মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

(অঃ পৃঃ দ্রঃ)

# মন্ত্রণালয়/বিভাগসমূহের বার্ষিক প্রতিবেদন

মন্ত্রণালয়/বিভাগের নাম : অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয় আওতাধীন অধিদপ্তর/সংস্থা সংখ্যা : ০২

প্রতিবেদনাধীন বছর : ২০১৭-১৮ প্রতিবেদন প্রস্তুতির তারিখ : ২৪/০৭/২০১৮ খ্রি:

(১) প্রশাসনিক

১.১ কর্মকর্তা/কর্মচারীদের সংখ্যা (রাজস্ব বাজেটে) :

| সংস্থার স্তর | অনুমোদিত পদ | পূরণকৃত পদ | শূণ্য পদ | বছরভিত্তিক সংরক্ষিত (রিটেনশনকৃত) অস্থায়ী পদ | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| অর্থ বিভাগ (মনিটরিং সেলসহ) | ৬৪০ | ৫০৬ | ১৩৪ | -- | -- |
| সিএন্ডএজি'র কার্যালয় | ৫,৫৪৬ | ৩,৬৪৮ | ১,৮৯৮ | ২৫৯ | -- |
| সিজিএ'র কার্যালয় | ৭,৭৬৫ | ৪,৬৪৫ | ৩,১২০ | -- | -- |
| সর্বমোট | ১৩,৯৫১ | ৮,৭৯৯ | ৫,১৫২ | | -- |

১.২ শূণ্য পদের বিন্যাস :

| অতি:সচিব/তদুর্ধ্ব পদ | জেলা কর্মকর্তার পদ | অন্যান্য ১ম শ্রেণির পদ | ২য় শ্রেণির পদ | ৩য় শ্রেণির পদ | ৪র্থ শ্রেণির পদ | মোট |
|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
| -- | -- | ১১১ | ১,০৩৩ | ৩,৩১৯ | ৬৮৯ | ৫,১৫২ |

১.৩ অতীব গুরুত্বপূর্ণ (Strategic) পদ (অতিরিক্ত সচিব/সমপদমর্যাদা সম্পন্ন/সংস্থা প্রধান/তদুর্ধ) শূণ্য থাকলে তার তালিকা : XX

১.৪ শূণ্য পদ পূরণে বড় রকমের কোন সমস্যা থাকলে তার বর্ণনা : XX

১.৫ অন্যান্য পদের তথ্যঃ (জাতীয় ভিত্তিক)

| প্রতিবেদনাধীন বছরে উন্নয়ন বাজেট থেকে রাজস্ব বাজেটে স্থানান্তরিত পদের সংখ্যা | প্রতিবেদনাধীন বছরে উন্নয়ন বাজেট থেকে রাজস্ব বাজেটে স্থানান্তরের জন্য প্রক্রিয়াধীন পদের সংখ্যা |
|---|---|
| ৬৮টি | -- |

১.৬ নিয়োগ/পদোন্নতি প্রদান :

| দপ্তর/প্রতিষ্ঠানের নাম | প্রতিবেদনাধীন বছরে পদোন্নতি | | | নতুন নিয়োগ প্রদান | | | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|
| | কর্মকর্তা | কর্মচারী | মোট | কর্মকর্তা | কর্মচারী | মোট | |
| অর্থ বিভাগ | -- | -- | -- | -- | -- | -- | -- |
| সিএন্ডএজির কার্যালয় | ৩২৩ | ২৫৫ | ৫৭৮ | -- | ১১২৭ | ১১২৭ | -- |
| সিজিএ-এর কার্যালয় | -- | -- | -- | -- | ৯২০ | ৯২০ | -- |
| সর্বমোট- | ৩২৩ | ২৫৫ | ৫৭৮ | -- | ২০৪৭ | ২০৪৭ | -- |

১.৭ ভ্রমণ/পরিদর্শন (দেশে) :

| ভ্রমন/পরিদর্শন (মোট দিনের সংখ্যা) | মন্ত্রী | প্রতিমন্ত্রী | সচিব | মন্তব্য |
|---|---|---|---|---|
| ভ্রমণ/পরিদর্শন | ৩৮ দিন | ৮৩ দিন | ২ দিন | -- |
| উন্নয়ন প্রকল্প পরিদর্শন | -- | -- | ৫ দিন | -- |
| পার্বত্য চট্রগ্রামে ভ্রমণ | -- | -- | ৩ দিন | -- |

১.৮ ভ্রমণ/পরিদর্শন (বিদেশে) :

| ভ্রমন/পরিদর্শন (মোট দিনের সংখ্যা) | মন্ত্রী | প্রতিমন্ত্রী | সচিব | মন্তব্য |
|---|---|---|---|---|
| ভ্রমণ/পরিদর্শন | ৬৪ দিন | ৯২ দিন | ২৫ দিন | -- |

১.৯ উপরোক্ত ভ্রমণের পর ভ্রমণ বৃত্তান্ত/পরিদর্শন প্রতিবেদন দাখিলের সংখ্যা : XX

(২) অডিট আপত্তি :

২.১ অডিট আপত্তি সংক্রান্ত তথ্য (০১লা জুলাই ২০১৭ থেকে ৩০ জুন ২০১৮ পর্যন্ত) :

(কোটি টাকায়)

| মন্ত্রণালয়/বিভাগসমূহের নাম | অডিট আপত্তি | | ব্রডশীটে জবাবের সংখ্যা | নিষ্পত্তিকৃত অডিট আপত্তি | | অনিষ্পন্ন অডিট আপত্তি | |
|---|---|---|---|---|---|---|---|
| | সংখ্যা | টাকার পরিমান | | সংখ্যা | টাকার পরিমান | সংখ্যা | টাকার পরিমান |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ |
| অর্থ বিভাগ | -- | -- | -- | -- | -- | -- | -- |
| সিএন্ডএজি'র কার্যালয় | -- | -- | -- | -- | -- | -- | -- |
| সিজিএ'র কার্যালয় | ১২৬ | ০.৩০ | -- | -- | -- | ১২৬ | ০.৩০ |
| সর্বমোট | ১২৬ | ০.৩০ | -- | -- | -- | ১২৬ | ০.৩০ |

২.২: অডিট রিপোর্টে গুরুতর/বড় রকমের কোন জালিয়াতি/অর্থ আত্মসাৎ, অনিয়ম ধরা পড়ে থাকলে সে সব কেসসমূহের তালিকা : XX

(৩) শৃংখলা/বিভাগীয় মামলা (মন্ত্রণালয়/বিভাগ ও অধিদপ্তর/সংস্থার সম্মিলিত সংখ্যা) :

| প্রতিবেদনাধীন অর্থ বছরে (২০১৭-১৮) মন্ত্রণালয়/ অধিদপ্তর/ সংস্থাসমূহে পুঞ্জিভূত মোট বিভাগীয় মামলার সংখ্যা | প্রতিবেদনাধীন বছরে নিষ্পত্তিকৃত মামলার সংখ্যা | | | | অনিষ্পন্ন বিভাগীয় মামলার সংখ্যা |
|---|---|---|---|---|---|
| | চাকুরীচ্যুতি/বরখাস্ত | অব্যাহতি | অন্যান্য দন্ড | মোট | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| অর্থ বিভাগ-৩,<br>সিএন্ডএজি'র দপ্তর-৩২<br>সিজিএ'র কার্যালয়-১৩৬<br>মোট=১৭১ | ১ | ৪ | ১২ | ১৭ | ১৫৪ |

(৪) সরকার কর্তৃক/সরকারের বিরুদ্ধে দায়েরকৃত মামলা (০১লা জুলাই ২০১৭ থেকে ৩০ জুন ২০১৮ পর্যন্ত) :

| দপ্তরের নাম | সরকারি সম্পত্তি/স্বার্থ রক্ষার্থে মন্ত্রণালয়/ বিভাগ/ আওতাধীন সংস্থাসমূহ কর্তৃক দায়েরকৃত মামলার সংখ্যা | মন্ত্রণালয়/বিভাগ এর বিরুদ্ধে দায়েরকৃত রীট মামলার সংখ্যা | উন্নয়ন প্রকল্প বাস্তবায়নের ক্ষেত্রে সরকারের বিরুদ্ধে দায়েরকৃত মামলার সংখ্যা | দায়েরকৃত মোট মামলার সংখ্যা | নিষ্পত্তিকৃত মোট মামলার সংখ্যা |
|---|---|---|---|---|---|
| অর্থ বিভাগ | -- | ৬৭৫ | -- | ৬৭৫ | -- |
| সিএন্ডএজি'র কার্যালয় | ৪ | -- | -- | ৪ | -- |
| সিজিএ'র কার্যালয় | -- | -- | -- | -- | -- |
| সর্বমোট- | -- | ৬৭৫ | -- | ৬৭৫ | -- |

(৫) মানব সম্পদ উন্নয়ন :

৫.১ দেশের অভ্যন্তরে প্রশিক্ষণ (০১লা জুলাই ২০১৭ থেকে ৩০ জুন ২০১৮ পর্যন্ত) :

| মন্ত্রণালয়/সংস্থার নাম | প্রশিক্ষণ কর্মসূচির মোট সংখ্যা | মন্ত্রণালয় এবং আওতাধীন সংস্থাসমূহ থেকে অংশগ্রহণকারীর সংখ্যা |
|---|---|---|
| অর্থ বিভাগ | ২৯টি | ৩৫৩জন |
| সিএন্ডএজি'র কার্যালয় | ১১৮টি | ১১৬৬জন |
| সিজিএ'র কার্যালয় | ৬টি | ৬০২ জন |
| সর্বমোট | ১৫৩টি | ২১২১ জন |

৫.২ মন্ত্রণালয়/অধিদপ্তর কর্তৃক প্রতিবেদনাধীন অর্থ বছরে ( ২০১৭-১৮) কোন ইন-হাউজ প্রশিক্ষণের আয়োজন করা হয়ে থাকলে তার বর্ণনা :

অর্থ বিভাগ
গত ১১-১৫ মার্চ, ২০১৮ সময়ে অর্থ বিভাগের ২৫ (পচিঁশ) জন কর্মকর্তাকে ৫ দিন ব্যাপী 'Capacity Development in Office Management'-শীর্ষক প্রশিক্ষণ প্রদান করা হয়।

গত ৩০ জুলাই হতে ২৬ অক্টোবর, ২০১৮ সময়ের মধ্যে ৩টি ব্যাচে অর্থ বিভাগের ৭৫ জন কর্মচারীকে ৫ দিন ব্যাপী Efficiency Enhancement for the Supporting Staff শীর্ষক প্রশিক্ষণ প্রদান করা হয়।

সিএন্ডএজির'র কার্যালয়
অফিস শৃংখলা ও নথি উপস্থাপনা, ISSAI Compliant Audit Planning, Public Procurement Regulation (2008), অফিস ব্যবস্থাপনা, সামরিক হিসাব ব্যবস্থাপনা, Revenue Audit, e-GP system, Environment Audit, IT Audit, Compliant Audit, Mission audit বিষয়ে ইন-হাউজ প্রশিক্ষণের আয়োজন করা হয়েছে।

সিজিএ'র কার্যালয়
নবনিযুক্ত অডিটরগণের বাস্তবভিত্তিক জ্ঞানদানের জন্য ৫০ জনকে ইনহাউজ প্রশিক্ষণ প্রদান করা হয়।

৫.৩ প্রশিক্ষণ কর্মসূচিতে কর্মকর্তা/কর্মচারীদের অংশ গ্রহণ বা মনোনয়নের ক্ষেত্রে বড় রকমের কোন সমস্যা থাকলে তার বর্ণনাঃ বড় ধরনের কোন সমস্যা নেই।

৫.৪ মন্ত্রণালয়ে অন দ্য জব ট্রেনিং (OJT) এর ব্যবস্থা আছে কিনা? না থাকলে অন দ্য জব ট্রেনিং আয়োজন করতে বড় রকমের কোন অসুবিধা আছে কিনা : নেই।

৫.৫ প্রতিবেদনাধীন বছরে (০১ জুলাই ২০১৭ থেকে ৩০ জুন ২০১৮ পর্যন্ত) প্রশিক্ষণের জন্য বিদেশ গমনকারী কর্মকর্তার সংখ্যা :

| বিভাগ/দপ্তর/প্রতিষ্ঠানের নাম | প্রশিক্ষণের জন্য বিদেশ গমনকারী কর্মকর্তার সংখ্যা |
|---|---|
| অর্থ বিভাগ | ১২৪জন |
| সিএন্ডএজি'র কার্যালয় | ৩৭ জন |
| সিজিএ'র কার্যালয় | -- |
| সর্বমোট | ৩০৩ জন |

(৬) সেমিনার/ওয়ার্কশপ সংক্রান্ত তথ্য (০১ জুলাই ২০১৭ থেকে ৩০ জুন ২০১৮ পর্যন্ত) :

| বিভাগ/দপ্তর/প্রতিষ্ঠানের নাম | দেশের অভ্যন্তরে সেমিনার/ওয়ার্কশপের সংখ্যা | সেমিনার/ওয়ার্কশপে অংশগ্রহণকারীর সংখ্যা |
|---|---|---|
| অর্থ বিভাগ | ৩৮টি | ৮৫ জন |
| সিএন্ডএজি'র কার্যালয় | ৪টি | ৬১ জন |
| সিজিএ'র কার্যালয় | -- | -- |
| সর্বমোট | ৪২টি | ১৪৬ জন |

(৭) তথ্য প্রযুক্তি ও কম্পিউটার স্থাপন (০১লা জুলাই ২০১৭ থেকে ৩০ জুন ২০১৮ পর্যন্ত) :

| মন্ত্রণালয়/বিভাগ/সংস্থাসমূহে মোট কম্পিউটারের সংখ্যা | মন্ত্রণালয়/বিভাগ/সংস্থাসমূহে ইন্টারনেট সুবিধা আছে কিনা | মন্ত্রণালয়/বিভাগ/সংস্থা সমূহে ল্যান (LAN) সুবিধা আছে কিনা | মন্ত্রণালয়/বিভাগ/সংস্থাসমূহে ওয়ান (WAN) সুবিধা আছে কিনা | মন্ত্রণালয়/বিভাগ/সংস্থাসমূহে কম্পিউটার প্রশিক্ষিত জনবলের সংখ্যা | |
|---|---|---|---|---|---|
| | | | | কর্মকর্তা | কর্মচারী |
| অর্থ বিভাগ-২৬৯টি | হ্যাঁ | হ্যাঁ | হ্যাঁ | ২৮৫ | ৭৫ |
| সিএন্ডএজি'র কার্যালয়-১৪২০ | হ্যাঁ | নাই | হ্যাঁ | ৩০০ | ২২০০ |
| সিজিএ'র কার্যালয়-১৫৫০টি | হ্যাঁ | হ্যাঁ | হ্যাঁ | ৮০০ | ২২০০ |
| সর্বমোট-৩২৩৯টি | -- | -- | -- | ১৩৮৫ জন | ৪৪৭৫ জন |

(৮) সরকারি প্রতিষ্ঠানসমূহের আয়ের লভ্যাংশ/মুনাফা/আদায়কৃত রাজস্ব থেকে সরকারি কোষাগারে জমার পরিমাণ : (জাতীয় ভিত্তিক)

কোটি টাকায়

| বিবরণ | | ২০১৭-১৮ | | ২০১৬-১৭ | | হ্রাস (-)/বৃদ্ধির (+) হার | |
|---|---|---|---|---|---|---|---|
| | | লক্ষ্যমাত্রা | প্রকৃত অর্জন (এপ্রিল পর্যন্ত) | লক্ষ্যমাত্রা | প্রকৃত অর্জন | লক্ষ্যমাত্রা | প্রকৃত অর্জন |
| রাজস্ব আয় | ট্যাক্স রেভিন্যু | ২,৩২,৫০০ | ১,৪৬,১৪৮ | ১,৯২,২৬১ | ১,৭৭,৯৩৮ | ২০.৯৩ | -১৭.৮৬ |
| | নন-ট্যাক্স রেভিন্যু | ২৬,৯৫৩ | ১৫,৯৬১ | ২৬,২৩৯ | ২৩,২৯৩ | ২.৭২ | -৩১.৪৭ |
| উদ্বৃত্ত (ব্যবসায়িক আয় থেকে) (বিটিআরসি) | | ৬,১৭০ | ৩,২৪৬ | ৪,২৮৮ | ৪,২৮৮ | ৪৩.৮৮ | -২৪.৩০ |
| লভ্যাংশ হিসাবে | | ২,৯৭১ | ১,৪৪৪ | ৩,৭০৯ | ৩,২৩১ | -১৯.৮৯ | -৫৫.৩০ |

(৯) প্রতিবেদনাধীন অর্থ বছরে সম্পাদিত উল্লেখযোগ্য কার্যাবলি/আইন, বিধি ও নীতি প্রণয়ন/সমস্যা-সংকট :

৯.১ প্রতিবেদনাধীন বছরে নতুন, আইন, বিধি ও নীতি প্রণয়ন হয়ে থাকলে তার তালিকা : XX

৯.২ প্রতিবেদনাধীন বছরে সম্পাদিত গুরুত্বপূর্ণ/উল্লেখযোগ্য কর্মকান্ড :

- ২০১৭-১৮ অর্থবছরে উন্নয়ন ও অনুন্নয়ন বাজেট বরাদ্দের সংশোধিত কর্তৃত্ব গত ১ এপ্রিল ২০১৮ খ্রি: তারিখে জারি করা হয়।
- ২০১৭-১৮ অর্থবছরের সংশোধিত এবং ২০১৮-১৯ অর্থ বছরের বাজেট প্রণয়নপূর্বক নির্ধারিত সময়সূচি অনুযায়ী মহান জাতীয় সংসদে উপস্থাপন করা হয়।
- ২০১৮-১৯ অর্থ বছরের প্রস্তাবিত বাজেটের সাথে নিম্নেবর্ণিত ০৪টি গুরুত্বপূর্ণ প্রকাশনা মহান জাতীয় সংসদে উপস্থাপন করা হয়:
  (১) বিকশিত শিশু: সমৃদ্ধ বাংলাদেশ। শিশু বাজেট ২০১৮-১৯;
  (২) জলবায়ু সুরক্ষা ও উন্নয়নের লক্ষ্যে বাজেট প্রতিবেদন ২০১৮-১৯;
  (৩) জেন্ডার বাজেট প্রতিবেদন;
  (৪) ডিজিটাল বাংলাদেশের সাথে অগ্রযাত্রা: হালচিত্র ২০১৮।
- ২০১৮-১৯ অর্থবছরে ৪৩(তেতাঁল্লিশ) টি মন্ত্রণালয়/বিভাগের "জেন্ডার বাজেট প্রতিবেদন" প্রণয়ন করা হয়েছে।
- ২০১৮-১৯ অর্থবছরের মন্ত্রণালয়/বিভাগভিত্তিক বাজেট বই প্রকাশ করা হয়েছে যাতে নিম্নেবর্ণিত বিষয়সমূহ একত্রে সন্নিবেশিত হয়েছে :
  (১) মন্ত্রণালয়ের বাজেট কাঠামো (MBF)
  (২) সংযুক্ত তহবিল প্রাপ্তি (বিস্তারিত)
  (৩) মঞ্জুরী ও বরাদ্দের দাবীসমূহ (পরিচালন ও উন্নয়ন)
  (৪) বিস্তারিত বরাদ্দ (পরিচালন)
  (৫) মঞ্জুরী ও বরাদ্দের দাবীসমূহ (উন্নয়ন)
- ২০১৮-১৯ অর্থবছরে নিম্নোক্ত বাজেট প্রকাশনাসমূহের ইংরেজি ভার্সন প্রকাশ করা হয়েছে :
  (১) Budget Speech;
  (২) Budget in Brief;
  (৩) Annual Financial Statement;
  (৪) Blooming Children: Prosperous Bangladesh:Child Focused Budget 2018-19;
  (৫) Gender Budget Report;
  (৬) Consolidated Fund Receipts;
  (৭) Demands for Grants and Appropriations (Operational and Development);
  (৮) Medium Term Budget Framework;
  (৯) Climate Protection and Development: Budget Report 2018-19।
- ২০১৭-১৮ অর্থ বছরে অনুন্নয়ন বাজেটের আওতায় বাস্তবায়নের লক্ষ্যে বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগের মোট ৪৮টি উন্নয়ন কর্মসূচি অনুমোদন ও অর্থায়নের ব্যবস্থা করা হয়েছে।
- ২০১৭-১৮ অর্থবছরে মৃত সরকারি কর্মকর্তা/কর্মচারী কর্তৃক গৃহীত সরকারি ঋণ ও সুদ মওকুফের মোট ৫৭টি প্রস্তাব নিষ্পত্তি করা হয়েছে।
- সরকারি আর্থিক ব্যবস্থাপনার সংস্কার কার্যক্রমকে অব্যাহত রাখতে ৭ম পঞ্চবার্ষিকী পরিকল্পনার সাথে সামঞ্জস্যপূর্ণভাবে Public Financial Management Reform Strategy, 2016-21 প্রণয়ন করা হয়েছে।

❖ আর্থিক ব্যবস্থাপনার সংস্কার প্রক্রিয়া অব্যাহত রাখা, মধ্যমেয়াদি বাজেট কাঠামো পদ্ধতিকে আরো পূর্ণাঙ্গ রূপ দেয়া এবং আর্থিক ব্যবস্থাপনার অগ্রাধিকারসম্পন্ন সংস্কার কাজগুলো সম্পন্ন করার লক্ষ্যে সরকারের নিজস্ব অর্থায়নে নভেম্বর ২০১৪ সালে ১৪.২৫ কোটি টাকা ব্যয়ে গৃহীত 'সরকারি ব্যয় ব্যবস্থাপনা শক্তিশালীকরণ অগ্রাধিকার কার্যক্রমসমূহের ধারাবাহিকতা রক্ষা (পিইএসএস) শীর্ষক কর্মসূচির মেয়াদ দুই বারে দুই বছর করে ৪ (চার) বছর বর্ধিত করা হয়েছে। সংশোধিত কর্মসূচির প্রাক্কলিত ব্যয় ৬৯.৮৩ কোটি টাকা এবং মেয়াদ জুন, ২০১০ পর্যন্ত। কর্মসূচির আওতায় নিম্নোক্ত কার্যক্রম চলমান রয়েছে :

(১) Integreted Budget and Accounting System (iBAS) এর উন্নত ভার্সন iBAS++ সিস্টেম উন্নয়নের কাজ চলছে। iBAS++ এর বাজেট প্রণয়ন মডিউল এর আওতায় ২০১৫-১৬ হতে ২০১৮-১৯ অর্থবছরের বাজেট প্রণয়ন করা হয়েছে। সকল মন্ত্রণালয় ও অধিদপ্তরে বাজেট প্রণয়নের কাজ iBAS++ এর মাধ্যমে সম্পন্ন হচ্ছে। বর্তমানে বাজেট প্রণয়নের এ মডিউলটি জেলা উপজেলা পর্যায়ে প্রবর্তনের কাজ চলছে।

(২) অধিকতর দক্ষতার সাথে বাজেট বাস্তবায়নের জন্য ২০১৬-১৭ অর্থবছরে সকল মন্ত্রণালয়/বিভাগে এবং ২০১৭-১৮ অর্থবছর হতে দেশের সকল জেলা উপজেলায় বাজেট বাস্তবায়ন মডিউল চালু করা হয়েছে। সেইসাথে বাজেট কন্ট্রোল অপশন চালু করে ব্যয় নিয়ন্ত্রণ করা হচ্ছে। এছাড়া iBAS++ এর হিসাবরক্ষণ মডিউল ও জেনারেল লেজার মডিউলের কাজ সমাপ্ত হয়েছে। বর্তমানে দেশের সকল হিসাবরক্ষণ অফিসে iBAS++ এর হিসাবরক্ষণ মডিউলটি চালু রয়েছে। এর ফলে জুন ক্লোজিং ২০১৮ সুচারুরূপে সম্পন্ন করা হয়েছে;

(৩) ২০১৮-১৯ অর্থবছরের বাজেট বিদ্যমান ১৩ ডিজিট হিসাব কোডের পরিবর্তে ৫৬ ডিজিটে নতুন বাজেট ও হিসাবরক্ষণ শ্রেণিবিন্যাস পদ্ধতিতে প্রণয়ন করা হয়েছে। ২০১৮-১৯ অর্থবছরের হিসাবায়ন নতুন শ্রেণিবিন্যাসের মাধ্যমে শুরু হয়েছে। এতে জেলাভিত্তিক বাজেট প্রণয়ন করা এবং আন্তর্জাতিক মানের প্রতিবেদন প্রণয়ন করা সম্ভব হবে।

(৪) অর্থ বিভাগ, আইএমইডি, বাংলাদেশ বিমান বাহিনী এবং রাজশাহী বিভাগে গেজেটেড কর্মকর্তাগণের Online Pay Bill Submission কার্যক্রমসম্পন্ন হয়েছে। ২০১৮-১৯ অর্থবছরে এ কার্যক্রম সারাদেশে সম্প্রসারণের লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে।

(৫) সরকারি কর্মচারিগণের পেনশন ডাটাবেজ সম্পন্ন করা হয়েছে। প্রায় ৬ লক্ষ ৫০ হাজার পেনশনভোগীর তথ্য ডাটাবেজে অন্তর্ভুক্ত করা হয়েছে এবং এসব পেনশনভোগীদের মাসিক পেনশন অনলাইনভিত্তিক পেমেন্ট সিস্টেম EFT এর মাধ্যমে পরিশোধ করা হবে। EFT এর মাধ্যমে পেনশন প্রদানের কাজ পরীক্ষামূলকভাবে দুটি প্রধান হিসাবরক্ষণ কার্যালয়ে চালু হয়েছে। একটি কেন্দ্রীয় পেনশন প্রদান কার্যালয় প্রতিষ্ঠার উদ্যোগ নেয়া হয়েছে, যার মাধ্যমে সকল পেনশনারকে ই-পিপিও প্রদান করা হবে এবং EFT এর মাধ্যমে পেনশন প্রদান করা হবে।

(৫) প্রায় ১১ লক্ষ ৫০ হাজার সরকারি কর্মচারীর অনলাইন ডাটাবেজ সম্পন্ন হওয়ায় তাঁদের বেতন ভাতা বাবদ বাজেট প্রণয়ন, অবসর গ্রহণের তথ্য এবং নতুন পদ্ধতি EFT এর মাধ্যমে বেতন পরিশোধের লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে।

(৬) বিভিন্ন মন্ত্রণালয়াধীন ৭টি (Self Accounting Entity) (গণপূর্ত অধিদপ্তর, সড়ক ও জনপথ অধিদপ্তর, জনস্বাস্থ্য প্রকৌশলী অধিদপ্তরম রেলওয়ে এবং ডাক বিভাগ, সিজিডিএফ) এ আইবাস++ এর হিসাবরক্ষণ মডিউল চালু করা হয়েছে, এগুলো থেকে ইলেকট্রনিক অ্যাডভাইসের মাধ্যমে ব্যাংক থেকে অর্থ পরিশোধ করছে, যার ফলে বিল প্রদানের ক্ষেত্রে অধিকতর স্বচ্ছতা নিশ্চিত করা হচ্ছে।

(৭) ঢাকাসহ বিভিন্ন বিভাগীয় শহরে গেজেটেড কর্মকর্তাগণের বেতন ভাতাদি EFT এর মাধ্যমে পরিশোধ করা হচ্ছে।

(৮) বাজেট প্রণয়ন, বাস্তবায়ন ও মনিটরিং ইত্যাদিসহ নতুন বাজেট ও হিসাবরক্ষণ শ্রেণিবিন্যাস পদ্ধতির উপর বিভিন্ন প্রশিক্ষণ কার্যক্রম বাস্তবায়িত হয়েছে।

(৯) আইবাস++ ব্যবহার করে G2G এর মাধ্যমে সামাজিক নিরাপত্তা বেষ্টনি কার্যক্রমসমূহের সুবিধাভোগীদেরকে ভাতা প্রদানের কাজ শুরু হয়েছে। এছাড়া ঘরে বসে জমাদানের উদ্দেশ্যে ই-চালান বাতায়ন চালু করা হয়েছে।

- ২০১৭-১৮ অর্থবছরের সংশোধিত এবং ২০১৮-১৯ অর্থবছরের মঞ্জুরি ও বরাদ্দের দাবীসমূহ (উন্নয়ন) সংক্রান্ত বই প্রস্তুত করা হয়েছে। ৪০টি মন্ত্রণালয়/বিভাগের জেন্ডার বাজেট বই প্রস্তুত করা হয়েছে। জলবায়ু সুরক্ষা ও উন্নয়ন নামক একটি পুস্তিকা প্রনয়ণ করা হয়েছে। ডিজিটাল বাংলাদেশের পথে অগ্রযাত্রা হালচিত্র নামক পুস্তিকা প্রণয়ন করা হয়েছে।
- কৃষিখাতে প্রণোদনা (ভর্তুকি), কৃষি পুনর্বাসন সহায়তা ইত্যাদি সংক্রান্ত কাজ করা হয়েছে। নিহত জেলে পরিবার বা স্থায়ীভাবে অক্ষম জেলেদের প্রণোদনা সহায়তা নীতিমালা, ২০১৭ এবং যশোর জেলাধীন ভবদহ এলাকায় মৎস্য ঘের স্থাপনের জন্য নীতিমালা, ২০১৭ এর উপর মতামত প্রদান করা হয়েছে।
- ১৯৯৭ সালের পূর্বে শুরু হওয়া সমাপ্ত প্রকল্পের পদ রাজস্ব খাতে স্থানান্তরের প্রস্তাব বিবেচনার জন্য অতিরিক্ত সচিব (প্রবিধি, বাস্তবায়ন এবং রাষ্ট্রায়ত্ত প্রতিষ্ঠান) এর সভাপতিত্বে গঠিত স্থায়ী কমিটির সভার সুপারিশের আলোকে ২টি মন্ত্রণালয়/বিভাগের ২টি প্রকল্পের ২০টি পদ রাজস্বখাতে স্থানান্তরে অর্থ বিভাগের সম্মতি প্রদান করা হয়েছে।
- অর্থ বিভাগের অতিরিক্ত সচিব (বাজেট এবং সামষ্টিক অর্থনীতি) এর নেতৃত্বে গঠিত কমিটির মাধ্যমে ২৪টি সভায় ১৪৩টি নতুন প্রকল্পের ডিপিপিতে প্রয়োজনীয় পদ/জনবলের সুপারিশ করা হয়েছে।
- ২৬টি মন্ত্রণালয়/বিভাগ এবং আওতাধীন দপ্তর/অধিদপ্তরসমূহের উন্নয়ন প্রকল্পের (জীপ গাড়ি, মাইক্রোবাস, পিকআপ, মোটর সাইকেল ইত্যাদি) ক্রয়ের সম্মতি প্রদান করা হয়েছে। রাজস্ব বাজেটের আওতায় কর্মসূচি অনুমোদন এবং অর্থ বরাদ্দ সংক্রান্ত কার্যক্রম সম্পন্ন করা হয়েছে। ২৬টি মন্ত্রণালয়/বিভাগে এবং আওতাধীন দপ্তর/অধিদপ্তর ও স্বায়ত্তশাসিত সংস্থাসমূহের ঋণ চুক্তি, বাণিজ্য চুক্তি, প্রস্তাবিত উন্নয়ন প্রকল্পের উপর অর্থ বিভাগের মতামত প্রদান করা হয়েছে। বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ ও আওতাধীন প্রকল্পের প্রকল্প সাহায্য খাতের বরাদ্দের বাজেট অথরাইজেশন জারি করা হয়েছে।
- উন্নয়ন প্রকল্পসমূহের অর্থ অবমুক্তি ও ব্যবহার নির্দেশিকা, ২০১২ সংশোধন করে উন্নয়ন প্রকল্পরসমূহের অর্থ অবমুক্তি ও ব্যবহার নির্দেশিকা ২০১৮ জারি করা হয়েছে। পরিকল্পনা কমিশন, প্রশাসনিক মন্ত্রণালয় ও অর্থ বিভাগের সমন্বয়ে ত্রি-পক্ষীয় সভায় বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগের সাথে আলোচনার মাধ্যমে ২০১৮-১৯ অর্থবছরের ব্যয়সীমা নির্ধারণের মাধ্যমে বাজেট চূড়ান্ত করা হয়েছে। বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগের মধ্যমেয়াদী বাজেট কাঠামো (এমটিবিএফ) হালনাগাদ এবং ওয়েবসাইটে এডিপি বাস্তবায়ন তথ্য আপলোডসহ অন্যান্য তথ্য আপলোড করা হয়েছে।
- বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগসমূহ এবং তার আওতাধীন দপ্তর/অধিদপ্তর/পরিদপ্তর এবং সংস্থার অস্থায়ীভাবে রাজস্বখাতে নবসৃষ্ট/সৃজিত পদসমূহের বেতন গ্রেড নির্ধারণ ও উন্নয়ন প্রকল্প হতে অস্থায়ীভাবে রাজস্বখাতে স্থানান্তরিত পদের বেতন গ্রেড নির্ধারণ করা হয়েছে। এছাড়াও সিলেকশন গ্রেড/টাইমস্কেল বিষয়ে মতামত, রিট পিটিশন/এটি মামলার দফাওয়ারী জবাব প্রদান, প্রাধিকারপ্রাপ্ত সরকারি কর্মকর্তাদের সুদমুক্ত বিশেষ অগ্রিম এবং গাড়ি সেবা নগদায়ন নীতিমালা, ২০১৫/২০১৬ এর উপর মতামত প্রদান সংক্রান্ত কাজ করা হয়েছে।
- জাতীয় সংসদে মাননীয় মন্ত্রীর প্রশ্নোত্তরসহ যাবতীয় কার্যাদি সম্পাদন করা হয়েছে।
- বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ ও উহার অধীনস্থ অফিসসমূহের ১ম শ্রেণির-৩১৬৫টি, ২য় শ্রেণির-১০৬৪টি, ৩য় শ্রেণির-৭০৯৬টি এবং ৪র্থ শ্রেণির-২০৭৯টি পদসহ মোট ১৩,৪০৪টি পদ সৃষ্টিতে সম্মতি দেয়া হয়।
- বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ ও উহার অধীনস্থ অফিসসমূহের ১ম শ্রেণির-৪৬০৬টি, ২য় শ্রেণির-২৭১৫২টি, ৩য় শ্রেণির-১৪৫৬৭১টি এবং ৪র্থ শ্রেণির-১২৩৫৬টি পদসহ মোট ৩০০৯৬৫টি পদ সংরক্ষণে সম্মতি দেয়া হয়।
- বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ ও উহার অধীনস্থ অফিসসমূহের ১ম শ্রেণির-৪১৭টি, ২য় শ্রেণির-১৯০৭টি, ৩য় শ্রেণির-১৪১১টি এবং ৪র্থ শ্রেণির-২৪২টি পদসহ মোট ৩৯৭৭টি পদ স্থায়ীকরণে সম্মতি দেয়া হয়।
- বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ ও উহার অধীনস্থ অফিসসমূহের ১ম শ্রেণির-১৭টি,২য় শ্রেণির-১১টি, ৩য় শ্রেণির-১৭৪টি এবং ৪র্থ শ্রেণির-৫৫টি পদসহ মোট ২৫৭টি পদ বিলুপ্তকরণে সম্মতি দেয়া হয়।
- ২০১৭-১৮ এর সংশোধিত এবং ২০১৮-১৯ অর্থবছরের নন-এবিআর ট্যাক্স ও নন-ট্যাক্স রেভিনিউ বাজেট প্রণয়ন, নন-ট্যাক্স রেভিনিউ আইটেমসমূহের রেইট সংক্রান্ত ডাটাবেজ প্রণয়ন ও হালনাগাদকরণ এবং বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগের আওতাধীন নন-ট্যাক্স আইটেমসমূহের রেইট নির্ধারণ ও পুন:নির্ধারণে অর্থ বিভাগের সম্মতি/মতামত সংক্রান্ত কাজ করা হয়েছে। (টিডিএম)
- শতভাগ পেনশন সমর্পণকারী সরকারি কর্মচারীগণের উৎসব ভাতা ৫% হারে বার্ষিক বর্ধিককরণ সংক্রান্ত পরিপত্র জারি করা হয়েছে। সাধারণ ভবিষ্য তহবিল (জিপিএফ) এবং প্রদেয় ভবিষ্য তহবিল (সিপিএফ) এর ইনক্রিমেন্ট/সুদের হার ২০১৭-১৮ অর্থ বছরের জন্য ১৩.০০% এ নির্ধারণ করা হয়েছে। সরকারি কর্মচারীদের পেনশন আবেদন দ্রুত নিষ্পত্তির কার্যক্রম গ্রহণ করা হয়েছে।

- রাষ্ট্রায়ত্ত প্রতিষ্ঠানসমূহের কর্মকর্তা ও কর্মচারীদের সম্মানী/মজুরী বৃদ্ধির হার পুন:নির্ধারণ, অস্থায়ীভাবে রাজস্বখাতে সৃজনকৃত পদ স্থায়ীকরণ, রুল্‌স সংশোধন, টিওএন্ডইতে যানবাহন অন্তর্ভুক্তিকরণ, প্রশিক্ষণভাতা পুন:নির্ধারণ সংক্রান্ত কার্যক্রমে অর্থ বিভাগের সম্মতি প্রদান করা হয়েছে।

- পাবলিক প্রাইভেট পার্টনারশীপ (পিপিপি) ভিত্তিতে "ঢাকা-চট্টগ্রাম এক্সপ্রেসওয়ে" ও" শান্তিনগর হতে ঢাকা-মাওয়া রোড (ঝিলমিল) পর্যন্ত ফ্লাইওভার নির্মাণ" প্রকল্প বাস্তবায়নার্থে প্রকল্পের অর্থায়নে অর্থ বিভাগ হতে যথাক্রমে গত ১৫/০৫/২০১৮ তারিখ ও ৬/৬/২০১৮ তারিখে Viability Gap Financing (VGF) প্রদানের নীতিগত অনুমোদন প্রদান করা হয়েছে। (পিপিপি)

- বিসিএস (নিরীক্ষা ও হিসাব ক্যাডার কর্মকর্তাদের গ্রেড-১, গ্রেড-২, গ্রেড-৩, গ্রেড-৫, গ্রেড-৬ পদে পদোন্নতি, লিয়েন মঞ্জুরি বৃদ্ধিকরণ, উচ্চশিক্ষার নিমিত্ত প্রেষণ/শিক্ষা ছুটি মঞ্জুরি সংক্রান্ত কাজ করা হয়েছে। এছাড়া সিএন্ডএজি ও সিজিএ'র কার্যালয়ের ২য় শ্রেণির কর্মকর্তাদের টাইমস্কেল প্রদান/সিলেকশন গ্রেড ও পদোন্নতি সংক্রান্ত কাজ করা হয়েছে।

- বিভিন্ন মামলার দফাওয়ারী জবাব সলিসিটর উইং এ প্রেরণ, মামলায় সরকার পক্ষ হেরে গেলে সলিসিটর উইং এ আপীল প্রস্তাব প্রেরণ, গ্রাউন্ডস অব আপীল প্রস্তুতপূর্বক সলিসিটর উইং এ প্রেরণ, মামলার বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রশাসনিক মন্ত্রণালয়কে পরামর্শ প্রদান, মহামান্য আদালতের রায়ের বাস্তবায়নের বিষয়ে আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয় এবং আদালত অবমাননার বিষয়ে জরুরি পদক্ষেপ গ্রহণ করা হয়েছে।

- মাননীয় অর্থমন্ত্রী/অর্থ প্রতিমন্ত্রী/অর্থ সচিবসহ অর্থ বিভাগের সকল ১ম শ্রেণির কর্মকর্তাদের সরকারি গুরুত্বপূর্ণ কাজে বিদেশ ভ্রমণের প্রশাসনিক অনুমোদন ও এ সংক্রান্ত সরকারি আদেশ জারির কার্যক্রম গ্রহণ, মন্ত্রণালয়/বিভাগ এবং অধীনস্থ দপ্তর/অধিদপ্তরসহ বিভিন্ন প্রতিষ্ঠানের বিভাগীয় পদোন্নতি ও নির্বাচন কমিটি (ডিপিসি), পরিচালনা পর্ষদ/বোর্ডে প্রতিনিধি মনোনয়নসহ সরকারের গুরুত্বপূর্ণ সভা/কমিটিতে অর্থ বিভাগের প্রতিনিধি মনোনয়ন প্রদান, কর্মকর্তা ও কর্মচারীদের অবসরজনিত পেনশন এবং পেনশনারের মৃত্যুর পর পারিবারিক পেনশন সংক্রান্ত কার্যক্রম, শ্রান্তি ও বিনোদন ছুটি, বহি বাংলাদেশ ছুটি অনুমোদন সংক্রান্ত কার্যক্রম, বদলি, পদায়ন, অবমুক্তিসহ অর্থ বিভাগের সাংগঠনিক কাঠামো হালনাগাদকরণ সংক্রান্ত কাজ করা হয়েছে।

- অর্থ সচিব মহোদয়ের স্বাক্ষর সংযোজনপূর্বক ২ (দুই) টাকা ও ৫ (পাঁচ) টাকা মূল্যমানের কারেন্সি নোট ইস্যু করা হয়েছে। বান্দরবান জেলা ট্রেজারিতে প্রতিনিধি প্রেরণের মাধ্যমে অচল ঘোষিত, ব্যবহার অনুপযোগী ও চাহিদাবিহীন ষ্ট্যাম্পসমূহ বিনষ্টকরণ সংক্রান্ত কার্যাদি সম্পাদন করা হয়েছে।

- সোনালী ব্যাংক লি: এর ঢাকা সিটি কর্পোরেশন (উত্তর ও দক্ষিণ) এবং চট্টগ্রাম সিটি কর্পোরেশন এলাকার অনেকগুলো শাখাসহ বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কৃষি বিশ্ববিদ্যালয় শাখা, গাজীপুর, সোনামসজিদ শাখা, চাঁপাইনবাবগঞ্জ, বেনাপোল শাখা, যশোর ও স্টেশন রোড শাখা, সিলেট-কে ট্রেজারি কার্যক্রম (শুধুমাত্র আদান) পরিচালনার বিষয়ে অনাপত্তি জ্ঞাপন করা হয়েছে। তাছাড়া, সোনালী ব্যাংক লি: এর দক্ষিণ সুরমা উপজেলা শাখা, সিলেট ও কালুখালী, রাজবাড়ী ট্রেজারি কার্যক্রম (আদান প্রদান) পরিচালনার বিষয়ে অনাপত্তি জ্ঞাপন করা হয়েছে।

- কুমিল্লা জেলার ট্রেজারির চাহিদার ভিত্তিতে ৩টি প্যাডলক প্রদান করা হয়েছে। ০৯০২ ট্রেজারি প্রতিষ্ঠান খাতের বাজেট প্রণয়ণ ও বরাদ্দ প্রদান এবং ০৯০৩ টাকশাল ও ০৯০৪ মুদ্রা খাতে বাজেট বরাদ্দ প্রদান করা হয়েছে। ২০১৭-১৮ অর্থবছরে বিভিন্ন রাষ্ট্রায়ত্ত ও সরকারি মালিকানাধীন প্রতিষ্ঠান কর্তৃক জনগুরুত্বপূর্ণ প্রকল্পে অর্থায়ন এবং নিত্য প্রয়োজনীয় ও গুরুত্বপূর্ণ দ্রব্য বা সেবা আমদানী অর্থায়নে গৃহীত ঋণের বিপরীতে গ্যারান্টি প্রদান করা হয়েছে। এছাড়া, বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগের আওতাধীন নন-ট্যাক্স রেভিনিউ আইটেমসমূহের রেইট নির্ধারণ ও পুন:নির্ধারণে অর্থ বিভাগের সম্মতি/মতামত প্রদান করা হয়েছে।

৯.৩ ২০১৭-১৮ অর্থ বছরে মন্ত্রণালয়ের কার্যাবলী সম্পাদনে বড় রকমের কোন সমস্যা/সংকটের আশংকা করা হলে তার বিবরণ (সাধারণ ছুটি/রুটিন প্রকৃতির সমস্যা/সংকট উল্লেখের প্রয়োজন নেই; উদাহরণ: পদ সৃষ্টি, শূন্য পদ পুরণ ইত্যাদি) : X

(১০) <u>মন্ত্রণালয়ের উদ্দেশ্য সাধন সংক্রান্ত :</u>

১০.১ ২০১৭-১৮ অর্থ বছরের কার্যাবলির মাধ্যমে মন্ত্রণালয়ের আরব্ধ উদ্দেশ্যাবলী সন্তোষজনকভাবে সাধিত হয়েছে কি ? হ্যাঁ

১০.২ উদ্দেশ্যাবলী সাধিত না হয়ে থাকলে তার কারণসমূহ : XX

১০.৩ মন্ত্রণালয়ের আরব্ধ উদ্দেশ্যাবলী আরো দক্ষতা ও সাফল্যের সাথে সাধন করার লক্ষ্যে যে সব ব্যবস্থা/পদক্ষেপ গ্রহণ করা যেতে পারে, সে সম্পর্কে মন্ত্রণালয়ের সুপারিশ :

অর্থ বিভাগের কাজ সুষ্ঠুভাবে সম্পাদনের জন্য আর্থিক ও অর্থনীতি বিষয়ে জ্ঞান ও অভিজ্ঞতা সম্পন্ন কর্মকর্তা প্রয়োজন। পূর্ব অভিজ্ঞতা, দক্ষতা ও প্রযুক্তি ব্যবহারের জ্ঞান সম্পন্ন কর্মকর্তা অর্থ বিভাগে নিয়োগ প্রদান প্রয়োজন। অর্থ বিভাগে সুষ্ঠু কাজের পরিবেশ সৃষ্টির জন্য অফিস স্পেসের সংস্থান করা প্রয়োজন।

(১১) উৎপাদন বিষয়ক (শুধুমাত্র সংশ্লিষ্ট মন্ত্রণালয়কে পূরণ করতে হবে) : XX

(১২) আইন-শৃংখলা বিষয়ক (শুধুমাত্র স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের জন্য) : XX

(১৩) ফৌজদারী মামলা সংক্রান্ত তথ্য (আইন ও বিচার বিভাগের জন্য) : XX

(১৪) অর্থনৈতিক (শুধুমাত্র অর্থ বিভাগের জন্য) : (জাতীয় ভিত্তিক)

| আইটেম | প্রতিবেদনাধীন বছর (২০১৭-১৮) | পূর্ববর্তী বছর (২০১৬-১৭) | পুর্ববর্তী বছরের তুলনায় শতকরা বৃদ্ধি (+) বা হ্রাস (-) এর হার |
|---|---|---|---|
| ১।বৈদেশিক মুদ্রার রিজার্ভ (বিলিয়ন মার্কিন ডলার) ৩০শে জুন ২০১৮ তারিখে | ৩৩.১৭সা | ৩৩.৪৯ | -০.৯৬ |
| ২। প্রবাসী বাংলাদেশীদের প্রেরিত রেমিটেন্সের পরিমাণ (বিলিয়ন মার্কিন ডলার) (জুলাই,১৭-জুন,১৮) | ১৪.৯৮সা | ১২.৭৭ | ১৭.৩০ |
| ৩। আমদানীর পরিমাণ (বিলিয়ন মার্কিন ডলার) (জুলাই,১৭-জুন,১৮) | ৫৪.৬১সা (মে,১৮) | ৪৩.৫১ | ২৫.৫২ |
| ৪। ইপিবি এর তথ্যানুযায়ী রপ্তানীর পরিমাণ (বিলিয়ন মার্কিন ডলার) (জুলাই,১৭-জুন,১৮) | ৩৬.৬৭সা | ৩৪.৬৬ | ৫.৮০ |
| ৫।(ক) প্রতিবেদনাধীন বছরে রাজস্ব আদায়ের লক্ষ্যমাত্রা (কোটি টাকায়) | ২,৫৯,৪৫৪.০০ | ২,১৮,৫০০.০০ | +১৮.৭৪ |
| (খ) রাজস্ব আদায়ের পরিমাণ (কোটি টাকায়) (জুলাই, ১৭-জুন,১৮) | ১,৪৬,১৪৮.০০ এপ্রিল,১৮ | ১,৭৭,৯৩৮.০০ | -১৭.৮৬ |
| ৬। (ক) মোট অভ্যন্তরীণ ঋণ (কোটি টাকায়) | ৯,৮৮,৯০৭.৫০ | ৮,৯০,৬৭০.৩০ | +১১.০৩ |
| (খ) সরকারি খাত (নিট) (জুন,১৮) | ৭৬,৬৯৬.৮০ (মে,১৮) | ৯৭,৩৩৩.০০ | -২১.২০ |
| ৭।ঋণপত্র খোলা (LCs opening) (বিলিয়ন মার্কিন ডলার) ক) খাদ্য শস্য (চাল ও গম) | ৩.৫৪সা | ১.২৫ | ১৮৩.২০ |
| খ) অন্যান্য (জুলাই,১৭-জুন,১৮) | ৬১.৮৭ (মে,১৮) | ৪২.৮৭ | ৪৪.৩২ |
| ৮।খাদ্য শস্যের মজুদ (লক্ষ মেঃ টন) (জুলাই,১৭-জুন,১৮) | ১২.৮৬সা (মে,১৮) | ৫.৫৩ | ১৩২.৫৫ |
| ৯।জাতীয় ভোক্তা মূল্য সূচক পরিবর্তনের হার (ভিত্তি ২০০৫-০৬=১০০) (ক) বারো মাসের গড় ভিত্তিক | ৫.৭৮ | ৫.৪৪ | -- |
| (খ) পয়েন্ট টু পয়েন্ট ভিত্তিক (জুলাই,১৭-জুন,১৮) | ৫.৫৪ | ৫.৯৪ | -- |

উৎস্য: বাংলাদেশ ব্যাংক ।
(ক্রমিক নং ৫ এর উৎস আইবাস এবং অন্যান্য সব ক্রমিকের উৎস বাংলাদেশ ব্যাংক থেকে প্রাপ্ত এ পর্যন্ত সর্বশেষ প্রাপ্ত তথ্যের ভিত্তিতে)।

(১৫) উন্নয়ন প্রকল্প সংক্রান্ত: (বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ পূরণ করিবে) : XX

(১৬) ঋণ ও অনুদান সংক্রান্ত তথ্য ( ই আর ডি পূরণ করবে) : XX

(১৭) অবকাঠামো উন্নয়ন (সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ পূরণ করিবে) : XX

(১৮) পররাষ্ট্র মন্ত্রণালয় সংশ্লিষ্ট তথ্য : XX

(১৯) শিক্ষা সংক্রান্ত তথ্য (সংশ্লিষ্ট মন্ত্রণালয় পূরণ করবে) : XX

(২০) স্বাস্থ্য সংক্রান্ত তথ্য (স্বাস্থ্য মন্ত্রণালয় পূরণ করবে) : XX

(২১) জনশক্তি রপ্তানী সংক্রান্ত (প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় পূরণ করবে) : XX

(২২) হজ সংক্রান্ত (ধর্ম মন্ত্রণালয় পূরণ করবে) : XX

(২৩) সামাজিক নিরাপত্তা কর্মসূচি (অর্থ বিভাগ) :

| মন্ত্রণালয়/বিভাগ | ক্রমিক | সামাজিক নিরাপত্তা কর্মসূচির ধরণ | প্রতিবেদনাধীন বৎসর (২০১৭-১৮) | | পূর্ববর্তী বৎসর (২০১৬-১৭) | |
|---|---|---|---|---|---|---|
| | | | সুবিধাভোগী ব্যক্তি/পরিবার/ প্রতিষ্ঠানের সংখ্যা | আর্থিক সংশ্লেষ (লক্ষ টাকায়) | সুবিধাভোগী ব্যক্তি/পরিবার/ প্রতিষ্ঠানের সংখ্যা | আর্থিক সংশ্লেষ (লক্ষ টাকায়) |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
| অর্থ বিভাগ | ১ | সরকারি কর্মকর্তা/কর্মচারীদের অবসর ও পারিবারিক অবসর ভাতা | ৬,২৬,০০০ | ২২,৩৯,২২২ | ৬,০০,০০০ | ১২,৬৬,৭০০ |

(২৪) প্রধান প্রধান সেক্টর কর্পোরেশনসমূহের লাভ/লোকসান :

(২৪.১) মন্ত্রণালয়/বিভাগের আওতাধীন যেসব (বাণিজ্যিক ভিত্তিতে পরিচালিত) প্রতিষ্ঠান ২০১৭-১৮ অর্থ-বছরের লোকসান করেছে তাদের নাম ও লোকসানের পরিমাণ : প্রযোজ্য নয়।

(২৪.২) মন্ত্রণালয়/বিভাগের আওতাধীন যেসব (বাণিজ্যিক ভিত্তিতে পরিচালিত) প্রতিষ্ঠান ২০১৭-১৮ অর্থ-বছরের লাভ করেছে তাদের নাম ও লাভের পরিমাণ :

| প্রতিষ্ঠানের নাম | লাভের পরিমাণ |
|---|---|
| Bangladesh Infrastructure Finance Fund Limited (BIFFL) | ২০১৭ সালে কর উত্তর নীট মুনাফার পরিমাণ ৮০.৪১ কোটি টাকা |

৩০/৭/১৮

(আব্দুর রউফ তালুকদার)
ভারপ্রাপ্ত সচিব